

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৩১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ট্রা

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ্ (দায়িত্ব প্রদান)

بَابُ الشِّرْكَةِ وَالْوَكَالَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَتِ الْأَنْصَارُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اقْسِمْ بَيْنَنَا وَبَيْنَ إِخْوَاننَا النخيل قَالَ: «لَا تكفوننا المؤونة وَنَشْرَكْكُمْ فِي الثَّمَرَةِ» . قَالُوا: سَمِعْنَا وَأَطَعْنَا. رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

২৯৩১-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আনসারগণ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন, হে আল্লাহর নবী! আমাদের খেজুর বাগানগুলো আমাদের ও মুহাজির ভাইদের মধ্যে বন্টন করে দিন। তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, না, আমাদের জন্য তোমাদের পক্ষ হতে এটাই যথেষ্ট যে, তোমরাই বাগান তত্ত্বাবধান করবে, আমরা তোমাদেরকে ফল-ফলাদিতে শরীক করবো। তাঁরা বললেন, হে আল্লাহর নবী! আমরা এটা শুনলাম ও মেনে নিলাম। (বৃখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২৩২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুহাজির সাহাবীগণ আনসারদের সম্পদের নির্দিষ্ট অংশের মালিক হয়েছিলেন, আকাবার রাত্রিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শর্তের ভিত্তিতে। যেটা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আকাবার রাত্রিতে আনসারদের ওপর শর্তারোপ করেছিলেন। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৩২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন